কোটচাঁদপুরে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের যোগ্যতা ও ন্যায্যতার আলোকে ১০ম গ্রেড এবং প্রধান শিক্ষকদের ৯ম গ্রেডে বেতন নির্ধারণের দাবিতে মানবন্ধন পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) বিকেলে শহরের উপজেলা পরিষদ চত্বরে এ মানববন্ধন করে উপজেলার প্রাথমিক শিক্ষক শিক্ষকারা। মানববন্ধন শেষে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

সহকারী শিক্ষক দশম ১০ গ্রেড বাস্তবায়ন সমন্বয় পরিষদের সদস্য রুদ্রপুর প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মশিউর রহমান সজলের পরিচালনায় মানববন্ধনে বক্তব্যে রাখেন নওদাগ্রাম কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কামরুজ্জামান কচি, মানিকদি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক খোন্দকার হাসানুজ্জামান, বালিকা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বাবুল আক্তার টোকন, গুড়পাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মাহফুজ, বলরামনগর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কামরুজ্জামান, বলরামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মোজাম্মেল হক শাহীন, তালসার প্রাথমিক বিদ্যালয়ের তবিবুর রহমান, শ্রীরামপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শওকত আলী মিঠু, রামচন্দ্রপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সাবানা খাতুন প্রমুখ।এ সময় বক্তারা বলেন, ২০০৯ সাল থেকে আটকে থাকা সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতি দ্রুত বাস্তবায়নসহ সহকারী শিক্ষক এন্ট্রিপদ ধরে পরিচালক পর্যন্ত যোগ্যতার ভিত্তিতে শতভাগ পদোন্নতি দিতে হবে। এছাড়া ৮ম পে স্কেলে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল, প্রতি তিন বছর পর পর স্বয়ংক্রিয়ভাবে শ্রান্তি বিনোদন ভাতা, মাসিক সমন্বয় সভায় সহকারী শিক্ষক প্রতিনিধির উপস্থিত নিশ্চিতসহ মোট ১৪টি দাবি তুলে ধরেন তারা।

ঘন্টাব্যাপি এ মানববন্ধনে উপজেলার ৭৪ টা প্রাথমিক শিক্ষক, শিক্ষার অংশগ্রহণ করেন।